

ইসলামিক

প্রিন্ট: ২৮ মে ২০২৫, ১১:২২ এএম

শিক্ষাঙ্গন

নাম পরিবর্তন হচ্ছে ইবির দুই বিভাগের



ইবি প্রতিনিধি

প্রকাশ: ২৭ মে ২০২৫, ১০:০৩ পিএম



ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) দুটি বিভাগের নাম পরিবর্তনের সিদ্ধান্ত নিয়ে একাডেমিক কাউন্সিল।

এতে আইন অনুষদভুক্ত আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগের নাম পরিবর্তন করে ‘আল-ফিকহ অ্যান্ড ল’ এবং বিজ্ঞান অনুষদভুক্ত জিওগ্রাফি অ্যান্ড এনভায়রনমেন্ট বিভাগের নাম পরিবর্তন করে পূর্বের নাম ‘এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড জিওগ্রাফি’ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সোমবার বিশ্ববিদ্যালয়ের ১৩০তম একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয় বলে নিশ্চিত করেছেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হক।

তিনি বলেন, নামের চূড়ান্ত অনুমোদনের জন্য পরবর্তী সিভিকেটে উত্থাপন করা হবে। অনুমোদন পেলে এটি কার্যকর হবে।

জিওগ্রাফি অ্যান্ড এনভায়রনমেন্ট বিভাগের নাম পরিবর্তনের বিষয়ে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আসাদুজ্জামান বলেন, নাম পরিবর্তন করা নিয়ে বিভাগের শিক্ষার্থীরা দীর্ঘদিন পালটাপালটি অবস্থান নিয়ে আন্দোলন করেছে। তাই অন্যান্য বিশ্ববিদ্যালয়ে খোঁজ নিয়ে বিভাগটি পূর্বের নামে রাখার সিদ্ধান্ত হয়েছে।

প্রসঙ্গত, ২০২২ সালের ৩০ অক্টোবর ২৫৬তম সিভিকেটে শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড জিওগ্রাফি বিভাগের নাম পরিবর্তন করে জিওগ্রাফি অ্যান্ড এনভায়রনমেন্ট করা হয়। এর দুই বছর পর ২০২৪ সালে আবারও বিভাগটির নাম পরিবর্তনের পক্ষে-বিপক্ষে অবস্থান নিয়ে আন্দোলন শুরু করে বিভাগটির শিক্ষার্থীদের দুইপক্ষ। দাবি আদায়ে উভয়পক্ষ ক্যাম্পাসে বিভিন্ন সময় মুখোমুখি অবস্থান নিয়েও আন্দোলন করেছে।

এদিকে আল-ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ বিভাগের শিক্ষার্থীরা গত ১৭ মে বিভাগের নাম সংস্কারের দাবিতে বিভাগের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন।

